

**বিষয় : গণগ্রন্থাগার অধিদপ্তরের বাস্তবায়নধীন “ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির উন্নয়ন” শীর্ষক মূল অনুমোদিত
বিনিয়োগ প্রকল্পের সার-সংক্ষেপ:**

১। প্রকল্পের নাম	: ‘ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির উন্নয়ন’।
২। ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
খ) বাস্তবায়নকারী সংস্থা	: গণগ্রন্থাগার অধিদপ্তর।
৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:
ক) মোট প্রকল্প ব্যয়	: ৪৯৫৩.৩৫ লক্ষ টাকা
খ) জিওবি (বৈ: মু: প্রযোজ্য ক্ষেত্রে)	: ৪৯৫৩.৩৫ লক্ষ টাকা
গ) প্রকল্প সাহায্য	: নাই
৪। প্রকল্পের অর্থায়ন (ঋণ, অনুদান ইত্যাদি)	: জিওবি
৫। প্রকল্পের বাস্তবায়নকাল (মূল অনুমোদিত সংশোধিত)	: জানুয়ারি, ২০১৫ থেকে জুন, ২০১৬। : জানুয়ারি, ২০১৫ থেকে জুন, ২০১৭।
৬। প্রকল্প এলাকা	: ৬টি জেলা (নারায়ণগঞ্জ, গাজীপুর, চাঁদপুর, মৌলভীবাজার, কুষ্টিয়া ও বরগুনা)।
৭। চলতি এডিপিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ	: ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে ২১৫১.০০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে।
(ক) এ পর্যন্ত অবমুক্তকৃত অর্থ	: ১০৭৫.৫০ লক্ষ টাকা।
(খ) এ পর্যন্ত ব্যয়	: ১০৩৩.৩২ লক্ষ টাকা (নির্মাণ কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরকে দেয়া হয়েছে)।
(গ) ক্রমপুঞ্জিত অবমুক্তকৃত অর্থ	: ২৩৮২.৫০ লক্ষ টাকা।
(ঘ) ক্রমপুঞ্জিত ব্যয়	: ২৩৩৫.৮২ লক্ষ টাকা।
(ঙ) চলতি অর্থসালে আর্থিক অগ্রগতি	: ৪৮.০৪% (নির্মাণ কাজের অর্থ গণপূর্ত অধিদপ্তরকে ন্যস্ত করা হয়েছে)।
(চ) চলতি অর্থসালে বাস্তব অগ্রগতি	: ২০.৬৭%
৮। প্রকল্পের উদ্দেশ্য ও সংক্ষিপ্ত বর্ণনা	: ক) দেশের জনগণকে গ্রন্থাগার ও তথ্য সেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ভিত্তিক সমাজ গঠন করা। খ) আধুনিক গ্রন্থাগার ও তথ্য সেবা প্রদানের মাধ্যমে দরিদ্র সহায়ক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও দারিদ্র দূরিকরণে মানব সম্পদ উন্নয়নের সুযোগ সৃষ্টি। গ) বয়স, শ্রেণি, পেশা, ধর্ম নির্বিশেষে জনসাধারণের জন্য আজীবন স্ব-শিক্ষার সুযোগ সৃষ্টি করা। ঘ) ডিপিপি-তে প্রস্তাবিত ৬টি জেলায় অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পাঠকদের চাহিদা মত মানসম্পন্ন গ্রন্থাগার ও তথ্য সেবা নিশ্চিত করা।
৯। পিইসি সভার তারিখ ও সিদ্ধান্ত	: ১৬.১১.২০১৪ খ্রি:।
১০। পুনর্গঠিত ডিপিপি প্রাপ্তির তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)	: প্রযোজ্য নয়।
১১। প্রকল্প অনুমোদনের তারিখ	: ০৫.০৫.২০১৫ খ্রি:।
১২। প্রকল্পটি অনুমোদনের শর্তাবলী/মন্তব্য	: গত ০৫.০৫.২০১৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটি অনুমোদন করা হয়। প্রকল্পটি অনুমোদনকালে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নিম্নরূপ অনুশাসন প্রদান করা হয়: “মহিলাদের সময় কাটানোর জন্য আলাদা কর্ণার, শিশুদের পড়ার জন্য আলাদা কর্ণার, ছেলে-মেয়ে ও প্রতিবন্ধীদের জন্য আলাদা টয়লেট, সাইবার ক্যাফে, ডিপার্টমেন্টাল স্টোর, বুক সপ, জিম ইত্যাদি সংস্থান পাবলিক লাইব্রেরিগুলোতে থাকতে হবে। এছাড়াও ঢাকাসহ দেশের অন্যান্য পাবলিক লাইব্রেরিগুলোতে পর্যায়ক্রমে অটোমেশনের মাধ্যমে ই-লাইব্রেরির ব্যবস্থা চালু করতে হবে।”

(যদি থাকে)